

শিক্ষিকাকে ধর্ষণের চেষ্টা

মোরেলগঞ্জে মাদ্রাসা সুপারের বিরুদ্ধে মেফতারি পরোয়ানা

প্রতিনিধি, মোরেলগঞ্জ (বাণেশ্বরহাট)

বাণেশ্বরহাটের মোরেলগঞ্জ উপজেলার বারইবাগী ইব্রাহীম স্মৃতি রহমতিয়া দাখিল মাদ্রাসার কম্পিউটার শিক্ষিকার দায়েরকৃত ধর্ষণের চেষ্টার মামলায় ওই মাদ্রাসার সুপারের বিরুদ্ধে গত মঙ্গলবার মেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। মামলার সুনানি শেষে বিচারক এসএম আতায়াহ রহমান সুপার ফকরুল ইসলামের বিরুদ্ধে মেফতারি পরোয়ানার আদেশ দেন। জানা গেছে, মাদ্রাসার সুপার ফকরুল ইসলামের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ এনে গত ১৯ মার্চ বাণেশ্বরহাট আদালতে একটি মামলা দায়ের করেন। তারই মাদ্রাসায় কম্পিউটার শিক্ষিকা। বিচারক মামলাটি আমলে নিয়ে বিচার বিভাগীয় তদন্তের আদেশ দেন। ১৯ এপ্রিল ম্যাজিস্ট্রেট

মো. জামাল হোসেন আদালতে মামলাটির প্রতিবেদন দাখিল করেন। উল্লেখ্য, সুপার ফকরুল ইসলাম তারই মাদ্রাসার কম্পিউটার শিক্ষিকাকে দীর্ঘদিন ধরে কুপ্রস্তাব দিয়ে আসেছিল। ঘটনার দিন গত ২৮ ডিসেম্বর সুপার মাদ্রাসার বিষয় জরুরি কন্যা কলার অজুহাতে রাত ১১টার দিকে ওই শিক্ষিকার বাসায় যান। বিভিন্ন কন্যা কলার একপর্যায়ে সুপার ওই শিক্ষিকাকে হঠাৎ কাঁপটে ধরে। এ সময় তার চিৎকারে সুপার ঘটনাস্থল ত্যাগ করে। সর্বশেষ গত ১৬ মার্চ রাত আনুমানিক ১০টার দিকে সুপার ফকরুল ইসলাম অজ্ঞাতনামা এক সহযোগীকে নিয়ে পুনরায় ওই শিক্ষিকার বাসায় ঢুকে তার সন্তানদের খুন করার হুমকি দেয় এবং সুপারের নির্দেশে তার সহযোগী শিক্ষিকার সন্তানদের গয়-জীতি দিয়ে জিঁথি করে রাখে।